# সংখ্যা - ০৪
24, SEPTEMBER


# গাইডার

wbguider

পশ্চিমবঙ্গের পড়াশোনার গাইড!!

EDUCATION FIRST

wbguider.com

/ WB Guider




## ২০ শে সেপ্টেম্বর থেকে ১৮ ই অক্টোবর, ২০২৩

## যেসব স্কলারশিপ আবেদন চলছে

- Relience ফাউন্ডেশন স্কলারশিপ!
- HDFC ব্যাংক স্কলারশিপ
- LIC বিদ্যাধন স্কলারশিপ
- আদিত্য বিড়লা Capital স্কলারশিপ
- কোটাক কন্যা স্কলারশিপ
- দিগজ্যোতি স্কলারশিপ

বিস্তারিত জানতে » ক্লিক করুন (link)

## পুজোর আগে ছাত্রছাত্রীদের আধার নথিভুক্তিকরণ অভিযান!

সম্প্রতি স্কুল শিক্ষা দপ্তর পড়ুয়াদের আধার কার্ড আছে কিনা এ নিয়ে একটি সমীক্ষা করেন। সেই সমীক্ষা অনুযায়ী দেখা গিয়েছে রাজ্যে প্রায় ৯ লক্ষের বেশি পড়ুয়ার এখনও আধার কার্ড নেই। সেই সব ছাত্রছাত্রীরা সরকারি সুযোগ-সুবিধা পাচ্ছে না!

স্কুল শিক্ষা দপ্তর মঙ্গলবার একটি বিজ্ঞপ্তি জারি করেন এবং ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ২০ সেপ্টেম্বর বুধবার থেকে ১৬ অক্টোবর ২০২৩ – প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক স্তরের যে সকল পড়ুয়ার আধার কার্ড নেই সেই সকল পড়ুয়াদের আধার কার্ড বানানোর জন্য শিবির করা হবে। পুজোর আগেই যাতে সমস্ত পড়ুয়ার হাতে আধার কার্ড পৌঁছে দেওয়া সম্ভব হয় এবং বাংলা শিক্ষা পোর্টালে তার আইডি নম্বর তোলার ব্যবস্থা করবে শিক্ষা দপ্তর।

## মুখ্যমন্ত্রীর উদ্যোগে রাজ্যে “যোগশ্রী” প্রকল্পে ভর্তি প্রক্রিয়া!

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-এর উদ্যোগে 11 জন মেডিকেল প্রবেশিকা বা NEET পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের নিয়ে বেলুড়ের যোগ মেডিক্যাল কলেজে শুরু হয়ে গিয়েছে “যোগশ্রী” এর পঠনপাঠন। খুব অল্প সংখক ছাত্র ছাত্রী নিয়ে শুরু হলেও, কাউন্সেলিং এর প্রথম দফায় এই সাড়া পেয়ে সন্তুষ্ট নবান্ন।




মপূর্বভারতের প্রথম মেডিক্যাল কলেজ বেলুড়ের এই যোগ মেডিক্যাল কলেজটি। ১৯ এবং ২০ সেপ্টেম্বর এই দুইদিন প্রথম দফায় কাউন্সেলিং এর ছাত্রছাত্রীদের ভর্তি হয়েছে এবং ১৮ নভেম্বর পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলবে।

## চন্দ্রযান ৩ নিয়ে ক্যুইজ ইসরো ও কেন্দ্রীয় সরকারের! নগদ পুরস্কার 1 লাখ টাকা জেতার সুযোগ

ইসরো-এর উদ্যোগে সারা দেশব্যাপী চন্দ্রযান নিয়ে উৎসাহী নাগরিকদের জন্য আয়োজিত করা হচ্ছে একটি অভিনব কুইজ কম্পিটিশন। চন্দ্রযান-৩ মহা ক্যুইজ এ অংশ নিতে সকল প্রশ্নের সঠিক উত্তর দানে, প্রতিযোগী জিতে নিতে পারবে 1 লক্ষ টাকা নগদ পুরষ্কার।

mygovindia এর তত্ত্বাবধানে আয়োজিত হয়েছে এই কুইজ প্রতিযোগিতা। ইসরো এর অফিসিয়াল পেইজ এ প্রতিযোগিতার ঘোষণা করে জানানো হয়েছে যে, ভারতের মহাকাশ গবেষণা কে সাফল্যের চুড়ায় পৌঁছে দিয়েছে ইসরো এর চন্দ্রযান 3 অভিযান। এই সাফল্যের উদযাপন করতে ইসরো এবং ভারত সরকারের উদ্যোগে আয়োজিত হবে চন্দ্রযান-৩ মহা ক্যুইজ। চাঁদ এবং চন্দ্রযান, মহাকাশের রহস্য ও রোমাঞ্চ, ভারতের বিজ্ঞান এবং নানাবিধ মহাকাশ সম্পর্কিত আবিষ্কার নিয়ে দেশবাসীর জ্ঞান এবং আগ্রহ কে পরীক্ষা করতেই ইসরো এই নতুন উদ্যোগ। বিস্তারিত জানতে » ক্লিক করুন (link)

# স্কলারশিপ






## দিগজ্যোতি স্কলারশিপ ১০,০০০ টাকা পাবে ছাত্রছাত্রীরা!

দিগজ্যোতি চ্যারিটেবল এডুকেশনাল ট্রাস্ট কর্তৃক দিগজ্যোতি স্কলারশিপ প্রদান করা হয়, সেই সমস্ত ছাত্র-ছাত্রীদের যারা আর্থিক ভাবে দুর্বল। এই স্কলারশিপের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা প্রতি বছর ১০,০০০ টাকা করে বৃত্তি পেয়ে থাকে।

- যে কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিকে **৯০ শতাংশ নম্বর** নিয়ে পাশ করতে হবে।

আবেদনপত্র ডাউনলোড করার পর প্রয়োজনীয় তথ্য দিয়ে পূরণ করে নিতে হবে। সঙ্গে এক কপি কালার ছবি আবেদন পত্রের লাগিয়ে দিতে হবে এবং নিজের স্বাক্ষর করতে হবে। আবেদন পত্রটি আগামী ৩০শে সেপ্টেম্বর ২০২৩ তারিখ-এর মধ্যে নির্দিষ্ট ঠিকানায় জমা করতে হবে। বিস্তারিত » APPLY Link

## আদিত্য বিড়লা স্কলারশিপ: স্কুল এবং কলেজ ছাত্র-ছাত্রীরা ৬০০০০ টাকা পাবে! অনলাইনে ফরম ফিলাপ

"আদিত্য বিড়লা ক্যাপিটাল স্কলারশিপ প্রোগ্রাম"- হল আদিত্য বিড়লা ফাউন্ডেশনের একটি উদ্যোগ, যার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের আর্থিক সহায়তা এবং শিক্ষা সহায়তা দেওয়া হয় প্রতিবছর। এই স্কলারশিপ প্রোগ্রামের অধীনে, **প্রথম থেকে অষ্টম শ্রেণী, নবম থেকে দ্বাদশ শ্রেণী এবং স্নাতক কোর্সে অধ্যয়নরত পড়ুয়ারা** তাদের একাডেমিক খরচ এবং ক্যারিয়ার কাউন্সেলিং-এর জন্য বছরে ৬০০০০ টাকা পর্যন্ত স্কলার্শিপ পাবে।

**স্কুল ছাত্রদের জন্য**
- ক্লাস 1 থেকে 8-এর শিক্ষার্থীদের জন্য – 24,000 টাকা
- 9 থেকে 12 শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের জন্য – 30,000 টাকা

APPLY NOW

**কলেজ ছাত্রদের জন্য**
- সাধারণ UG কোর্সের জন্য: 36,000 টাকা [সাধারণ ইউজি কোর্স BA, BSc, BCA]
- পেশাদার UG কোর্সের জন্য: 60,000 টাকা [ইঞ্জিনিয়ারিং, ফার্মেসি, মেডিকেল]

পাশের "Apply Now" বোতাম-এ ক্লিক করে আপনারা বিস্তারিত পড়ে নিতে পারেন!!




কিভাবে আবেদন করবেন? আবেদনের শেষ তারিখ কবে – সমস্ত কিছু বিস্তারিত আপনারা "wbguider.com"- ভিজিট করে পড়ে নিন!!

**গুরুত্বপূর্ণ:** বেসরকারি ও প্রাইভেট স্কলারশিপ গুলির ক্ষেত্রে আপনারা অন্যান্য স্কলারশিপ পেলেও আবেদন করতে পারবেন, কোন সমস্যা নেই! কিন্তু এক্ষেত্রে আবেদন করলেই যে স্কলারশিপ পাবেন তার নিশ্চয়তা নেই। তাই কিছু সংখ্যক ছাত্রছাত্রী স্কলারশিপের জন্য নির্বাচিত হয় এবং বৃত্তির টাকা পায়।

## আমাদের সম্পর্কে কিছু কথা




### WestBengal Guider – পশ্চিমবঙ্গের পড়াশোনার গাইড!!

ওয়েস্ট বেঙ্গল গাইডারের দু-বছর সম্পূর্ণ হলো !! সকলকে অসংখ্য ধন্যবাদ ও ভালোবাসা !! এইভাবেই পাশে থেকো... অনেকদূর যেতে হবে যে..

আমাদের ওয়েস্টবেঙ্গল গাইডার (**wbguider.com**) পোর্টালের মাধ্যমে, সে সব সরকারি-বেসরকারি স্কলারশিপ গুলির ব্যাপারে ছাত্র-ছাত্রীদের সঠিক তথ্য দিয়ে, তার আবেদন প্রক্রিয়া (Application Process), কি কি ডকুমেন্টস লাগবে (Documents Required), কি কি যোগ্যতা প্রয়োজন (Eligibility Criteria) এবং আবেদন জমা দেওয়া থেকে বৃত্তি ব্যাঙ্ক খাতায় পাওয়া - সম্পূর্ণভাবে সাহায্য ও গাইড করাই আমাদের মূল লক্ষ্য।

OUR PARTNERS

Buddy4Study
Gateway to scholarship world

Edu Dada

# বিজ্ঞাপন

কোচিং সেন্টার, ওয়েবসাইট বা প্রোডাক্টের বিজ্ঞাপন দেওয়ার জন্য - 9593739451 হোয়াটসঅ্যাপে যোগাযোগ করুন।